



গোপালগঞ্জে নিষিদ্ধ আওয়ামী লীগের ঝটিকা মিছিল



সংগৃহীত ছবি

গোপালগঞ্জ সদর উপজেলায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ৭৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ঝটিকা মিছিল ও কেক কেটে কর্মসূচি পালন করা হয়েছে। মঙ্গলবার (২৩ জুন) সকাল সাড়ে ১১টার দিকে সদর উপজেলার রঘুনাথপুর ইউনিয়নের ১২০ নম্বর দিঘারকুল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে এ কর্মসূচি হয়। স্থানীয় সূত্রে জানা যায়, গোপালগঞ্জ পৌর ছাত্রলীগের যুগ্ম আহ্বায়ক ওমর ফারুক খান রিপনের নেতৃত্বে শতাধিক নেতাকর্মী সেখানে জড়ো হন। তারা বিভিন্ন স্লোগান দেন এবং স্বল্প সময়ের জন্য ঝটিকা মিছিল করেন। পরে তারা কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করেন। কর্মসূচি শেষে দ্রুত স্থান ত্যাগ করেন। এ ঘটনায় আইনশৃঙ্খলা বাহিনীর কোনো বক্তব্য পাওয়া যায়নি।

LENS ASIA